# পুলিশ প্রশাসনে ব্যাপক রদবদল পুলিশ সুপার পদে ১০ কর্মকর্তার বদলি




ছবি: সংগৃহীত

বাংলাদেশ পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার ১০ কর্মকর্তার কর্মস্থল ও দায়িত্বে পরিবর্তন আনা হয়েছে। মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) পুলিশ সদর দপ্তরের অ্যাডিশনাল ডিআইজি রায়হান উদ্দিন খান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ সংক্রান্ত আদেশ জারি করা হয়।

জনস্বার্থে জারি করা এ বদলি আদেশ অবিলম্বে কার্যকর হবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।

আদেশ অনুযায়ী, স্পেশাল ব্রাঞ্চের (এসবি) অতিরিক্ত পুলিশ সুপার মো. তোফায়েল হোসেন সরকারকে ব্রাহ্মণবাড়িয়ায় পদায়ন করা হয়েছে। একই ইউনিটের মো. রবিউল ইসলামকে গোপালগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে।

গাজীপুরের কালীগঞ্জ সার্কেলে কর্মরত মো. আসাদুজ্জামানকে কিশোরগঞ্জের কটিয়াদী সার্কেলে বদলি করা হয়েছে। আর কটিয়াদী সার্কেলের বর্তমান কর্মকর্তা মো. তোফাজ্জল হোসেনকে শিল্পাঞ্চল পুলিশে পদায়ন করা হয়েছে।

LENS ASIA

এ ছাড়া এসবির মাহিন ফরাজীকে বরিশালের গৌরনদী সার্কেলে দায়িত্ব দেওয়া হয়েছে। পুলিশ সদর দপ্তরের তানজিনা চৌধুরীকে বদলি করা হয়েছে সিআইডিতে। র‍্যাবে কর্মরত এস এম আরিফ রাইয়ানকে চট্টগ্রামের পটিয়া সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার হিসেবে পদায়ন করা হয়েছে।

বদলির তালিকায় থাকা গাইবান্ধার শেখ মুত্তাজুল ইসলামকে গাজীপুরের কালীগঞ্জ সার্কেলের দায়িত্ব দেওয়া হয়েছে। অন্যদিকে গৌরনদী সার্কেলের আবু ছালেহ মো. আনসার উদ্দীনকে বরিশাল মেট্রোপলিটন পুলিশের (বিএমপি) অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার হিসেবে নিযুক্ত করা হয়েছে।

প্রজ্ঞাপন অনুযায়ী, বদলি ও পদায়ন পাওয়া কর্মকর্তাদের আগামী ১৯ সেপ্টেম্বরের মধ্যে বর্তমান কর্মস্থলের দায়িত্ব বুঝিয়ে দিয়ে নতুন কর্মস্থলে যোগ দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে দায়িত্ব হস্তান্তর করতে না পারলে আগামী ২০ সেপ্টেম্বর থেকে তারা স্বয়ংক্রিয়ভাবে অবমুক্ত বা স্ট্যান্ড রিলিজ হিসেবে গণ্য হবেন।